Comilla News around the world
কুমিল্লার কাগজ
The Daily Comillar Kagoj
শনিবার ● ৯ মার্চ ২০২৪ ● ২৬ ফাল্গুন ১৪৩০ ● ২৭ শাবান ১৪৪৫

## কুমিল্লা জেলা আইনজীবী সমিতির নির্বাচন

# আওয়ামী লীগ সমর্থিত সাদা প্যানেলের নিরঙ্কুশ জয়

নিজস্ব প্রতিবেদক: কুমিল্লা জেলা আইনজীবী সমিতির নির্বাচনে বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ সমর্থিত ও আইনজীবী সমন্বয় পরিষদ মনোনীত লিটন-জাহাঙ্গীর প্যানেলের (সাদা দল) প্রার্থীরা নিরঙ্কুশ বিজয়ী হয়েছেন। শুক্রবার (৮ মার্চ) সকালে ফলাফল ঘোষণা করা হয়। এর আগে বৃহস্পতিবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত জেলা আইনজীবী সমিতির কার্যালয়ে ২০২৪-২৫ সেশনের ম্যানেজিং কমিটির নির্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়।

নির্বাচনে সাদা দলের সদস্যরা সভাপতি, সহ-সভাপতি (দুজন), সাধারণ সম্পাদক, সহ-সাধারণ সম্পাদক, লাইব্রেরি সম্পাদক, আমোদ প্রমোদ সম্পাদক, আইসিটি সম্পাদক ও সদস্য পদে (দুইজন) নির্বাচিত হয়েছেন। মোট ১৫ পদের ১০টিতে জয় পেয়েছেন লিটন-জাকির প্যানেল। বাকি ৫টিতে জয়ী হয়েছেন প্রতিপক্ষ নীল দলের বিএনপি-জামায়াত সমর্থিত কামরুল-মিজান প্যানেলের প্রার্থীরা। -*এরপর ৫ এর পাতায়*